# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অন্যান্য কিছু বানোয়াট হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. মাদরাসা নবীর ঘর

আমাদের দেশের অতি প্রচলিত ও ওয়ায়িযদের প্রিয় ‘হাদীস’:

اَلْمَسْجِدُ بَيْتُ اللهِ وَالْمَدْرَسَةُ بَيْتِي

“মাসজিদ আল্লাহর বাড়ি এবং মাদরাসা আমার বাড়ি বা আমার ঘর।”

কথাটি হাদীসের নামে বলা একটি জঘন্য মিথ্যা ও বানোয়াট কথা, যা কোনো সহীহ, যয়ীফ বা জাল সনদেও রাসূলুল্লাহ ﷺ থেকে বর্ণিত হয় নি।

বস্তুত ‘মাদরাসা’ শব্দটিরই কোনো ব্যবহারই ইসলামের প্রথম দু শতাব্দীতে ছিল না। এর অর্থ এ নয় যে, “মাদরাসা” ব্যবস্থা রাসূলুল্লাহ (ﷺ) ও সাহাবীগণের যুগে ছিল না। “আকীদা”, “তাসাউফ” ইত্যাদি পরিভাষা কুরআন-হাদীসে তো নেই, উপরন্তু সাহাবীগণের যুগেও ছিল না। প্রথম দু শতাব্দীর পরে এ সব পরিভাষার উদ্ভব। কুরআন-হাদীসে ঈমানের বিষয় বলা হয়েছে। পরবর্তী যুগে এ বিষয়ক আলোচনাকে “আকীদা” নাম দেয়া হয়েছে। কুরআন-হাদীসে তাযকিয়ায়ে নাফসের নির্দেশ রয়েছে, পরবর্তী যুগে “তাসাউফ” পরিভাষার উদ্ভব। কুরআন-হাদীসে ইলম শিক্ষার নির্দেশ দেয়া হয়েছে এবং রাসূলুল্লাহ ﷺ ও সাহাবীগণের যুগে মসজিদে বা নির্ধারিত ঘরে পাঠগ্রহণ ও প্রদানের রীতি ছিল। তবে পাঠদানকেন্দ্রকে “মাদরাসা” নামকরণের প্রচলন সে যুগে ছিল না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5050

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন